

155483 - এটা কি ঠিক যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নফল রোযাগুলো বাদ পড়ে গেলে তিনি সেগুলো শাবান মাসে কাযা করতেন

প্রশ্ন

"রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম প্রতি মাসের তিনদিন রোযা রাখতেন। কখনও কখনও তিনি সে রোযাগুলো রাখতে বিলম্ব করতেন যাতে করে সারা বছরের রোযা একত্রিত করে তিনি শাবান মাসে রোযাগুলো রাখতেন।" এ হাদিসটির শুদ্ধতা কি?

প্রিয় উত্তর

এ হাদিসটি উম্মুল মুমেনীন আয়েশা (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন: "রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম প্রতি মাসে তিনদিন রোযা রাখতেন। কখনও কখনও তিনি সে রোযাগুলো রাখতে বিলম্ব করতেন যাতে করে সারা বছরের রোযা একত্রিত হয়ে যেত। কখনও কখনও তিনি বিলম্ব করতেন যাতে করে, শাবান মাসে সেগুলো রাখতে পারেন।"

হাদিসটি তাবারানী 'আল-মুজাম আল-আওসাত' গ্রন্থে (২/৩২০) বর্ণনা করেছেন: তিনি বলেন: আমাদের কাছে হাদিস বর্ণনা করেছেন আহমাদ; তিনি বলেন: আমাদের কাছে হাদিস বর্ণনা করেছেন আলী বিন হারব আল-জুনদিসাবুরি; তিনি বলেন: আমাদের কাছে হাদিস বর্ণনা করেছেন সুলায়মান বিন আবু ছায়া; তিনি বলেন: আমার বিন আবু কাইস আমাদের নিকট হাদিস বর্ণনা করেছেন মুহাম্মদ বিন আব্দুর রহমান বিন আবু লাইলা থেকে, তিনি তার ভাই ঈসা থেকে, তিনি তার পিতা আব্দুর রহমান থেকে তিনি আয়েশা (রাঃ) থেকে তিনি বলেন: এরপর হাদিসটি উল্লেখ করেছেন। এরপর তিনি বলেন: এ হাদিসটি আব্দুর রহমান বিন আবু লাইলা থেকে এ সনদ ছাড়া আর কোন সনদে বর্ণিত হয়নি। আর এ সনদটি বর্ণনা করেছেন: আমার।[সমাণ্ড]।

প্রসিদ্ধ ফিকাহবিদ মুহাম্মদ বিন আব্দুর রহমান বিন আবু লাইলা-এর কারণে এ সনদটি দুর্বল। তার ব্যাপারে ইমাম আহমাদ বলেন: তাঁর মুখস্তশক্তি দুর্বল; তাঁর হাদিসগুলো দোদুল্যমান। শু'বা বলেন: আমি ইবনে আবু লাইলার চেয়ে মন্দ মুখস্তশক্তির কাউকে দেখিনি। আলী বিন মাদিনি বলেন: তাঁর মুখস্তশক্তি দুর্বল, হাদিস দুর্বল।

এ কারণে আলেমগণ তার হাদিসকে দুর্বল গণ্য করেছেন।

আল-হাইছামি বলেন:

"এ হাদিসের সনদে মুহাম্মদ বিন আবু লাইলা রয়েছে এবং তার ব্যাপারে সমালোচনা আছে।"[মাজমাউয যাওয়ায়েদ (৩/১৯৫) থেকে সমাণ্ড]

হাফেয ইবনে হাজার (রহঃ) বলেন:

"ইবনে আবু লাইলা দুর্বল। পরিচ্ছেদের হাদিসটি ও এরপরের হাদিসটি তিনি যা বর্ণনা করেছেন সেটার দুর্বলতাই প্রমাণ করে।"

[ফাতহুল বারী (৪/২৫২) থেকে সমাপ্ত]

ইমাম শাওকানী (রহঃ) বলেন: "এ হাদিসের সনদে ইবনে আবু লাইলা আছেন; তিনি দুর্বল।"[নাইলুল আওতার (৪/৩৩২) থেকে সমাপ্ত]

কোন গুঢ় রহস্যের কারণে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের শাবান মাসের অধিকাংশ সময় রোযা রাখতেন এ নিয়ে আলোমদের মাঝে মতভেদ রয়েছে। এর মধ্যে রয়েছে পূর্বোক্ত মতটি। কিন্তু, সে মতের দলিল সহিহ নয়। খুব সম্ভব ইবনে বাত্তালই সর্বপ্রথম এ মতটি তাঁর কৃত সহিহ বুখারীর ব্যাখ্যায় (৪/১১৫) উল্লেখ করেছেন। তিনি আরও কিছু মতামত উল্লেখ করেছেন; যে মতামতগুলো ইবনে হাজার (রহঃ) সংকলন করেছেন এবং আরও কিছু মত যোগ করেছেন। এরপর তিনি বলেন: "এ ব্যাপারে সবচেয়ে উত্তম অভিমত হল যা পূর্বোক্ত হাদিসের চেয়ে অধিক সহিহ হাদিসে উদ্ধৃত হয়েছে, যে হাদিসটি নাসাঈ ও আবু দাউদ সংকলন করেছেন এবং ইবনে খুযাইমা সহিহ আখ্যায়িত করেছেন, যে হাদিসটির বর্ণনাকারী উসামা বিন য়ায়েদ (রাঃ) তিনি বলেন: আমি বললাম, ইয়া রাসূলুল্লাহ! কেন আপনি শাবান মাসে এত বেশি রোযা রাখেন যা অন্য মাসে আপনাকে করতে দেখি না। তিনি বলেন: সেটি এমন একটি মাস; যা রজব মাস ও রমযানের মাসের মধ্যবর্তী; যে মাসের ব্যাপারে মানুষ গাফেল। সে মাসে মানুষের আমলগুলো রাব্বুল আলামীনের কাছে উত্থাপন করা হয়। তাই আমি পছন্দ করি আমার আমলগুলো যখন উত্থাপন করা হবে তখন আমি যেন রোযাদার থাকি।"[সমাপ্ত][ফাতহুল বারী (৪/২১৫)]

আল্লাহ্‌ই সর্বজ্ঞ।